ডীন
জীববিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী।

সংখ্যা জীবিঅ:- ....................../৩১৮০

তারিখ ঃ ৩১।০৮।২০২৫

# ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের এম. এস. ভর্তি বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়-এর জীববিজ্ঞান অনুষদের অধীনস্থ মনোবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিদ্যা, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি, চিকিৎসা মনোবিজ্ঞান, মাইক্রোবায়োলজি বিভাগে ২০২১-২০২২, ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এম.এস. ১ম সেমিস্টারে শূন্য আসনে ভর্তি করা হবে। আবেদনকারীদের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ব্যতীত) এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভূক্ত কলেজ হতে স্নাতক/স্নাতক (সম্মান) পাশকৃত শিক্ষার্থীরা বিভাগের মাস্টার্স প্রোগ্রামে আবেদন করতে পাবে। আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নে বর্ণিত যোগ্যতা ও শর্তপূরণ সাপেক্ষে আগামী ১০.০৯.২০২৫ তারিখের মধ্যে নির্ধারিত ফর্মে সকল কাগজ-পত্রসহ নিজ নিজ বিভাগে দরখাস্ত আহবান করা হচ্ছে। ফর্ম রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (https://www.ru.ac.bd) অথবা অনুষদীয় অফিস থেকে সংগ্রহ করা যাবে।

**যোগ্যতা ঃ**

১। আবেদনের ন্যূনতম যোগ্যতা: স্নাতক (সম্মান) পরীক্ষায় নূন্যতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।
২। আবেদনকারী যে বিভাগ/সমরূপ (alike) বিভাগ থেকে স্নাতক/স্নাতক (সম্মান) পাশ করেছে, শুধুমাত্র সে বিভাগে/সমরূপ বিভাগে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
৩। স্নাতক/স্নাতক (সম্মান) পাশের পর ০৩ (তিন) শিক্ষাবর্ষের মধ্যে ভর্তির জন্য আবেদনের সুযোগ থাকবে।
৪। মাস্টার্স প্রোগ্রামে ভর্তি ও একাডেমিক কার্যক্রম বিশ্ববিদ্যালয় প্রণীত ক্যালেন্ডার অনুযায়ী বাস্তবায়িত হবে।
৫। ভর্তি পরীক্ষার মাধ্যমে ভর্তি করা হবে এবং সংশ্লিষ্ট অধিকর্তা-এর তত্ত্বাবধানে নিজ নিজ বিভাগ কর্তৃক এ পরীক্ষা পরিচালিত হবে।
৬। ভর্তি পরীক্ষার আবেদন ফি ১,০০০/- (এক হাজার) টাকা সংশ্লিষ্ট বিভাগে প্রদান করতে হবে।

**শর্তাবলী ঃ**

১। যথাযথভাবে পূরণকৃত প্রাথমিক আবেদনপত্র আগামী ০১.০৯.২০২৫ তারিখ হতে ১০.০৯.২০২৫ তারিখ পর্যন্ত বিকাল ৪ ঘটিকার মধ্যে অনুষদীয় কার্যালয়ে নগদ ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে পরীক্ষার অংশ নেয়ার জন্য প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
২। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট, শেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা পত্রের সত্যায়িত কপি এবং ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ফর্মের সঙ্গে সংযুক্ত করে জমা দিতে হবে।
৩। ১৬.০৯.২০২৫ তারিখ বুধবার সকাল ১১ ঘটিকায় (১ ঘন্টা) নিজ নিজ বিভাগে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বি.এস-সি (সম্মান) এর পাঠ্যক্রমের উপর ১০০ নম্বরের সংক্ষিপ্ত প্রশ্ন উত্তর পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
৪। ভর্তি পরীক্ষায় পাশ করার জন্য ৪০% নম্বর পেতে হবে। ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ফলাফল প্রকাশ করা হবে।
৫। লিখিত পরীক্ষায় অংশ গ্রহণকারী প্রার্থীদের ফলাফল ১৭.০৯.২০২৫ তারিখ বুধবার বিকাল ৩:০০ ঘটিকায় প্রকাশ করা হবে। ঐ দিনই সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাতকারের সময় সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট ও অন্যান্য দলিলাদির মূল কপি সাথে নিয়ে আনতে হবে এবং প্রদর্শন করতে হবে।
৬। সাক্ষাৎকার শেষে মেধাক্রমের ভিত্তিতে নির্ধারিত আসনে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তির জন্য সুপারিশ করা হবে।
৭। আবেদনকারীদের নিজ নিজ বিশ্ববিদ্যালয় হতে সংগৃহীত মাইগ্রেশন সার্টিফিকেট ভর্তির সময় জমা দিতে হবে।
৮। ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়াবলী পরিবর্তন, পরিমার্জন বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা অনুষদ কর্তৃক সংরক্ষিত।

৩১।৮।২৫
(প্রফেসর ড. মো. গোলাম মোর্তুজা)

প্রফেসর ড. মো. গোলাম মোর্তুজা
ডীন
জীববিজ্ঞান অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী ৬২০৫, বাংলাদেশ